অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/17/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ল্যান্সিং টাউনে (TOWN OF LANSING) 17.3 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের অভূতপূর্ব সাশ্রয়ী আবাসন নির্মাণের ঘোষণা দিলেন

মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস (Milton Meadows Apartments) টাউনের কেন্দ্রে 72টি বাসা নির্মাণ করবে

বিনিয়োগের সম্পূরক "সাউদার্ন টিয়ার সোরিং" (Southern Tier Soaring) - কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এই অঞ্চলের সার্বিক কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ টম্পকিনস কাউন্টির (Tompkins County) ল্যান্সিং টাউনে নতুন 17.3 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের আবাসন নির্মাণ ঘোষণা দিলেন যার মধ্যে থাকবে 71টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট। মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস নির্মাণ করবে রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপ (Rochester's Cornerstone Group) এবং এটি ল্যান্সিংয়ের নতুন টাউন কেন্দ্র নির্মাণের প্রথম স্তর, এর অবস্থান হবে টম্পকিনস কাউন্টি এলাকার ট্রানজিট বাসস্টপ এবং চাইল্ডকেয়ার, উচ্চ মাণের স্কুল ও ব্যবসা প্রতিষ্ঠানের কাছে।

"মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস যেইসব ব্যক্তি ও পরিবারের সবথেকে বেশি প্রয়োজন তাদের জন্য নিরাপদ সাশ্রয়ী আবাসন ব্যবস্থা করবে, ল্যান্সিং কমিউনিটিতে নতুন জীবন নিয়ে আসবে", **গভর্নর কুওমো বলেছেন।** "এই বিনিয়োগ এই এলাকাটিকে বদলে দিবে, নতুন কর্মসংস্থান করবে এবং সাউদার্ন টিয়ার সোরিং এর আমাদের যে উদ্যোগ চলছে তার সংযোজন।"

"ল্যান্সিং এর এই মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস প্রকল্প টম্পকিনস কাউন্টির মানুষের জন্য সাশ্রয়ী আবাসন সুযোগের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "এই প্রকল্প উন্নত মানের আবাসনের ব্যবস্থা বৃদ্ধি নিশ্চিত করবে এবং অধিবাসীদের সহযোগিতামূলক সেবা প্রদান করবে। অর্থপূর্ণ বিনিয়োগ সমাজের পুনরুজ্জীবন অগ্রসর করে এবং সম্পূর্ণ সাউদার্ন টিয়ার এলাকার অর্থনীতির বিকাশ করতে থাকবে।"

কমিউনিটিসমূহ আরো শক্তিশালী করে তোলার জন্য এবং সাউদার্ন টিয়ার এর অর্থনীতি বিকাশ বিষয়ক গভর্নর কুওমোর প্রতিশ্রুতি সাউদার্ন টিয়ার সোরিং এ দেখা যায়, আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগ (Upstate Revitalization Initiative) হিসেবে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট-পর্যায়ের বিনিয়োগ 2012 সাল থেকে এ এলাকায় স্টেট যে 4.6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে তার সংযোজন। মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টসে স্টেটের বিনিয়োগ সাউদার্ন টিয়ার সোরিং সমর্থন করে উচ্চমানের সাশ্রয়ী আবাসন

সংখ্যা বৃদ্ধির মাধ্যমে যা বাসিন্দাদের তাদের কমিউনিটিতে স্বতন্ত্রভাবে বসবাসের জন্য সহায়তা করতে সমর্থন সেবা প্রদান করে।

মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস কমপ্লেক্সে 10টি ভবন থাকবে যার মধ্যে অবার্ন রোডের 156 একরের টাউন সেন্টারের 13.5 একর জায়গার উপর এক থেকে তিন বেডরুমের 72টি অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত। এটি রুট 34/34B এর ইন্টারসেকশনের কাছে অবস্থিত, যা ল্যান্সিং টাউন হল, লাইব্রেরি, কমিউনিটি সেন্টার এবং খেলার মাঠের ঠিক বিপরীততে অবস্থিত। দুটি নয় তোলা অ্যাপার্টমেন্ট ভবন থাকবে এবং একটি দশম ভবন কমিউনিটি স্পেস এবং ব্যায়ামাগার, লন্ড্রি এবং কম্পিউটার রুম হিসাবে ব্যবহৃত হবে। সব ভবনে এনার্জি স্টার রেট করা সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং এবং হিটিং সিস্টেম, লাইটিং এবং তৈজসপত্র থাকবে। এই প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি, রিসার্চ এবং ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy, Research and Development Authority, NYSERDA) এর কম উচ্চতার স্থাপনা এবং LEED সিলভার স্ট্যান্ডার্ড মেনে চলবে। নির্মাণ কাজ এক বছরের মধ্যে শেষ হবে বলে অনুমান করা হচ্ছে।

যেসব পরিবারের আয় এলাকার মধ্যক আয়ের চেয়ে 80 শতাংশ কম হবে তাদের গ্রস ভাড়া (ভাড়া এবং অন্যান্য সুবিধার বিল) মাসে 680 মার্কিন ডলার থেকে 1,400 মার্কিন ডলার হবে। পাঁচটি অ্যাপার্টমেন্ট শারীরিক অক্ষমতা সম্পন্ন ভেটেরানদের জন্য বরাদ্দ থাকবে। মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস টাউনহলের টম্পকিন্স কাউন্টি এরিয়া ট্রানজিট বাস স্টপের কাছে অবস্থিত হবে এবং শিশুর যত্ন পরিষেবা এবং উচ্চ মানের স্কুল এবং অঞ্চলের ব্যবসায় চাকরির সুযোগের কাছাকাছি হবে।

প্রকল্পটি ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিটের একটি হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) পুরস্কারের মাধ্যমে অর্থ সাহায্যপ্রাপ্ত হচ্ছে যা প্রায় 9.9 মিলিয়ন মার্কিন ডলার অর্জন করেছে এবং প্রকল্পটি হাইজিং ট্রাস্ট ফান্ডের (Housing Trust Fund) কাছ থেকে 4.05 মিলিয়ন মার্কিন ডলার ঋণ পেয়েছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation, CPC), নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ডের (New York State Common Retirement Fund) সাথে একটি চুক্তি থেকে 2 মিলিয়ন মার্কিন ডলারের স্থায়ী ঋণ দিচ্ছে। এছাড়াও, টম্পকিনস কাউন্টি কমিউনিটি আবাসন নির্মাণ তহবিল (Community Housing Development Fund) দিচ্ছে 256,875 মার্কিন ডলার; NYSERDA দিচ্ছে 63,200 মার্কিন ডলার এবং কলাম ফিন্যান্সিয়াল দিচ্ছে 850,000 মার্কিন ডলার।

2011 থেকে, HCR সাউদার্ন টিয়ারে 1,900 ইউনিটের বেশি সাশ্রয়ী আবাসন তৈরি বা সংরক্ষণ করেছে 158 মিলিয়ন মার্কিন ডলারের বেশি HCR মূলধন দিয়ে এবং যা 234 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ নিয়ে এসেছে।

নিউ ইয়র্ক স্টেট সাধারণ অবসর তহবিলের ট্রাস্টি, নিউ ইয়র্ক স্টেটের কন্ট্রোলার টমাস পি. ডিন্যাপলি বলেন, "ল্যান্সিংয়ের নতুন টাউন কেন্দ্রে উচ্চ মানের সাশ্রয়ী আবাসন সুযোগ তৈরিতে সমর্থন করে পেরে আমরা আনন্দিত। কমিউনিটি সুরক্ষা কর্পোরেশনের সাথে অংশীদারিত্ব করে, আমরা শুধু কমিউনিটির পুনরুজ্জীবনকে সাহায্য করছি না বরং আমাদের অবসর তহবিলের একটি নিরাপদ বিনিয়োগের ব্যবস্থাও করছি।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন, "মিল্টন মেডোস অ্যাপার্টমেন্টস 100 এর বেশি কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও শক্তি-দক্ষ বাড়ি প্রদান করবে এবং ল্যান্সিংয়ের টাউন কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে অনুঘটকের কাজ করবে। আমরা যখন সাশ্রয়ী আবাসন সুযোগ বিস্তৃত করি, তখন আমরা আমাদের অর্থনীতিকে জোরদার করি যা সাউদার্ন টিয়ার সোরিং কে অব্যাহত রাখবে।"

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, NYSERDA, বলেছেন, "মিল্টন মেডোস নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন নবায়নযোগ্য শক্তিকে বাস্তবে পরিণত করতে এবং স্টেটের আগ্রাসী পরিচ্ছন্ন শক্তি ও জলবায়ু লক্ষ্য সমর্থন করার পাশাপাশি সাউদার্ন টিয়ার সোরিংকে সমর্থন জানাতে গভর্নর কুওমোর নেতৃত্বকে ফুটিয়ে তোলে। নিরাপদ শক্তি দক্ষ আবাসন সবার প্রাপ্য এবং এই প্রকল্পটি বাসিন্দাদের গুরুত্বপূর্ণ সেবা, বর্ধিত আরাম এবং কম খরচে শক্তির সুবিধা প্রদান করে।"

সিনেটর পামেলা হেলমিং বলেন, "নিরাপদ, সাশ্রয়ী আবাসন আমাদের কমিউনিটির সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ। এই প্রকল্পটি পুরো অঞ্চলের জন্য একটি জয় এবং এটি কর্মজীবী পরিবার ও অক্ষম প্রাক্তন সৈনিকদের আবাসনের ব্যবস্থা করবে।"

অ্যাসেম্বলি সদস্য বারবারা লিফটন বলেন, "ল্যান্সিং কমিউনিটিতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ সমর্থন করতে পেরে আমি গর্বিত। টম্পকিনস কাউন্টিতে আবাসন খরচ বেড়েই যাচ্ছে, যার ফলে ব্যক্তি ও পরিবারের পক্ষে মানসম্পন্ন আবাসন পাওয়া কঠিন হয়ে উঠেছে, মিল্টন মেডোস অ্যাপার্টমেন্ট প্রকল্প একটি জরুরি প্রয়োজন মিটিয়ে মানুষের জীবনে অর্থপূর্ণ পরিবর্তন নিয়ে আসবে। গণপরিবহন, চাইল্ডকেয়ার, স্কুল ও কর্মসংস্থানের সুযোগের নিকটে অবস্থিত হওয়াতে কর্মজীবীদের সাশ্রয়ী আবাসনের জন্য এটি একটি আদর্শ অবস্থান। আমি বিশেষভাবে আনন্দিত এই দেখে যে প্রকল্পটি অক্ষম প্রাক্তন সৈনিকদের জন্য কিছু ইউনিট পৃথক করে রাখবে এবং প্রকল্পটি LEED সিলভার হিসেবে প্রত্যায়িত হবে। ধন্যবাদ কর্নারস্টোন গ্রুপ, গভর্নর কুওমো, নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল এবং অন্য সব অংশীদারদের যারা এই গুরুত্বপূর্ণ প্রকল্পটিকে বাস্তবায়িত করতে সাহায্য করেছেন।"

টম্পকিনস কাউন্টি বিধানসভার চেয়ারওম্যান মার্থা রবার্টসন বলেন, "টম্পকিনস কাউন্টি বিধানসভা এবং কমিউনিটি আবাসন নির্মাণ তহবিলের (Community Housing Development Fund) পক্ষ থেকে আমাদের বহু প্রকল্প অংশীদারকে ধন্যবাদ জানাতে পেরে আমি গর্বিত, যারা মিল্টন মেডোসকে টম্পকিনস কাউন্টিতে আনতে সাহায্য করেছেন! ল্যান্সিং টাউনের সমর্থনপূর্ণ নেতৃত্ব ও সাহায্য করেছে এমন নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিগুলির আস্থা, আমার মনে হয় আমরা সবাই এ ব্যাপারে একমত হতে পারি যে সবার একত্রে কাজ করাই কাজ করার শ্রেষ্ঠ উপায়। কর্মজীবীদের জন্য আবাসনের ব্যবস্থা এই প্রকল্পটি এনার্জি-স্মার্ট নির্মাণ এর একটি নিদর্শন হিসেবে কাজ করবে, যেখানে থাকবে উষ্চ দক্ষতার বৈদ্যুতিক তাপ পাম্প, LED বাতি এবং অনেক কিছু। জড়িত সবাইকে অভিনন্দন এবং ধন্যবাদ!"

ল্যান্সিং টাউন সুপারভাইজার এডওয়ার্ডস লাভিগনে বলেন, "যখন সরকারি, বেসরকারি ও অলাভজনক খাত একসাথে কাজ কী ইতিবাচক ফলাফল অর্জন করা যায় তার একটি দৃঢ় উদাহরণ মিল্টন মেডোস অ্যাপার্টমেন্ট। আমাদের কঠোর পরিশ্রমী বাসিন্দারা কেবল একটি নতুন সাশ্রয়ী আবাসন সুযোগই পাবে না, এই প্রকল্পের মাধ্যমে ল্যান্সিং এর অর্থনৈতিক বিকাশ মজবুত হবে এবং যা আমাদের সম্পূর্ণ কমিউনিটিকে

জোরদার করবে। আমি রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপ, স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল এবং আমাদের প্রকল্পের অংশীদারদের প্রতি ল্যান্সিংয়ের জন্য তাদের দায়িত্ববোধ ও বিনিয়োগের জন্য কৃতজ্ঞ।"

রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপের প্রেসিডেন্ট রজার ব্র্যান্ডট বলেন, "ল্যান্সিংয়ের বাসিন্দাদের জন্য অতি প্রয়োজনীয় কর্মজীবী আবাসন নির্মাণ করতে প্রভিডেন্স হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন (Providence Housing Development Corporation) এর সাথে কাজ কর্নারস্টোন খুবই আনন্দিত। এছাড়াও মিল্টন মেডোস টাউন কেন্দ্র নির্মাণের প্রথম ধাপ এর প্রতিনিধিত্ব করে এবং ভবিষ্যৎ উন্নয়নের একটি অনুঘটক।"

CPC রোচেস্টার অফিসের মর্টগেজ অফিসার (Mortgage Officer for CPC's Rochester office) মিরিয়াম জিটনার বলেন, "CPCতে আমরা বিশ্বাস করি যে মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন হল মজবুত ও প্রাণবন্ত কমিউনিটি তৈরি করার ভিত্তি। আমরা গর্বিত যে মিল্টন মেডোস (Milton Meadows) এর 72 ইউনিট সাশ্রয়ী আবাসনের অনেকগুলিই প্রাক্তন সৈনিক, অক্ষম মানুষ ও অন্যান্য প্রয়োজন এমন মানুষের জন্য বরাদ্দ করবে। নিরাপদ ও সমর্থক পরিবেশে একটি সাশ্রয়ী আবাসনকে বাড়ি হিসেবে পেলে মানুষ তাদের মর্যাদা ও স্বাধীনতা নিয়ে বেঁচে থাকার যে স্থায়িত্ব তাদের প্রয়োজন তা পাবে। আমি রোচেস্টারের কর্নারস্টোন গ্রুপকে তাদের অবিচল অংশীদারিত্ব এবং কমিউনিটির সাশ্রয়ী আবাসন প্রয়োজন মেটাতে তাদের নিবেদিত কাজের জন্য তাদের ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও আমি আমাদের তহবিল অংশীদার স্টেটের সাধারণ অবসর তহবিল, হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল, টম্পকিনস কাউন্টি এবং NYSERDAকে স্বীকৃতি দিতে চাই।"

সাউদার্ন টিয়ার সোরিংকে দ্রুতগতি করা

আজকের ঘোষণা "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক যা এই এলাকায় সর্বাঙ্গীণ অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। এই পরিকল্পনার মূল স্থাপন, প্রতিভাশালী কর্মশক্তি আকর্ষণ, ব্যবসা উন্নতি এবং নতুনত্বে উন্নতি করার জন্য জন্য 2012 সাল থেকে অঞ্চলে 6.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ডলার বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্বের হার সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসাসমূহ উন্নতি ও বিনিয়োগ করার জন্য বারমিংহ্যামটন, জনসন সিটি এবং কর্নিং এর মতো জায়গা বাছাই করছে। এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রেভিটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন